দৈনিক জনকণ্ঠ

৩২

তারিখ ... ... APR. 0 ৪ 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬......

## মতিঝিল মডেল কলেজ

# যে কোন উপায়ে ছাত্রীদের পরীক্ষার ব্যবস্থা করতে হবে ॥ ১৩২ অভিভাবক

**স্টাফ রিপোর্টার ॥** মতিঝিল মডেল হাই স্কুল এ্যান্ড কলেজের ১৩২ ছাত্রীর পরীক্ষা যে কোন উপায়ে গ্রহণের এবং সৃষ্ট সমস্যার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার দাবি জানিয়েছেন ১৩২ অভিভাবক। গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তাঁরা বলেন, প্রাক্তন অধ্যক্ষের দোহাই দিয়ে বর্তমানে অধ্যক্ষদায় এড়াতে চাইছেন। অথচ এ অধ্যক্ষের যোগদানের পরই প্রতারণার মাধ্যমে এসব ছাত্রীর ফরমফিলাপের ফী গ্রহণ করা হয়। অথচ সম্পূর্ণ বিষয়টি তিনি এতদিন গোপন রাখেন।

### মামলা হয়েছে

এদিকে গত রাতে খোঁজ নিয়ে জানা গেছে, সামগ্রিক ঘটনার জন্য অধ্যক্ষসহ তিন ব্যক্তিকে দায়ী করে অভিভাবকরা মতিঝিল থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলার অপর দুই আসামী হলেন কমার্সের শিক্ষক রণজিৎ নাথ এবং ম্যানেজিং কমিটির সদস্য খবির উদ্দিন। এছাড়া উদ্ভূত পরিস্থিতিতে অভিভাবকরা বেশ কিছু কর্মসূচী ঘোষণা করেছেন।